# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ

এইচএসসি (বিএমটি) শাখা

www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০২.৩১.০১৩.২৫.০৭১ তারিখ : ১৬-০৬-২০২৫খ্রি:

**বিষয় : করোনা ভাইরাস এবং ডেঙ্গু রোগের সংক্রমন হারের উর্ধ্বগতি বিবেচনায় এইচএসসি (বিএম/বিএমটি), এইচএসসি (ভোক.) ও ডিপ্লোমা-ইন-কমার্স চূড়ান্ত পরীক্ষা-২০২৫ স্বাস্থ্যবিধি মেনে গ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সারাদেশে করোনা ভাইরাস এবং ডেঙ্গু রোগের সংক্রামন হারের উর্ধ্বগতি হওয়ায় বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীন এইচএসসি (বিএম/বিএমটি), এইচএসসি (ভোক.) ও ডিপ্লোমা-ইন-কমার্স চূড়ান্ত পরীক্ষা ২০২৫-এর নিম্নেবর্ণিত নির্দেশনা মেনে পরীক্ষা গ্রহণ করতে হবে।

- কেন্দ্রে প্রবেশের সময় পরীক্ষার্থীসহ পরীক্ষা সংশ্লিষ্ট সকলের মাস্ক পরিধান বাধ্যতামূলক।
- পরীক্ষা কেন্দ্রের প্রবেশ পথে হ্যান্ড স্যানিটাইজার রাখতে হবে।
- ডেঙ্গু বিস্তার রোধে কেন্দ্রের অভ্যন্তরে এবং আশেপাশে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।
- পরীক্ষা শুরুর পূর্বে কেন্দ্রের অভ্যন্তরে মশক নিধন ঔষধ স্প্রে করতে হবে। এ বিষয়ে স্থানীয় প্রশাসনের সহযোগিতা গ্রহণ করতে হবে।
- পরীক্ষা কক্ষের আসন বিন্যাস বোর্ডের নির্দেশনা অনুযায়ী পরিপালন করতে হবে।
- প্রতিটি পরীক্ষা কেন্দ্রের মেডিকেল টিমকে সক্রিয় রাখতে হবে। এ বিষয়ে সিভিল সার্জন/উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।
- জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষায় অংশগ্রহণ এবং পরীক্ষা কেন্দ্রের সামনে অভিভাবকদের জটলা নিরুৎসাহিত করার প্রচারণা চালাতে হবে।

এমতাবস্থায় শিক্ষক-পরীক্ষার্থীসহ সংশ্লিষ্ট সকলকে স্বাস্থ্যবিধি মেনে এইচএসসি (বিএম/বিএমটি), এইচএসসি (ভোক.) ও ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষা ২০২৫ সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

**বিষয়টি অতীব জরুরী**

১৬/০৬/২০২৫

(প্রকৌশলী মো: আবুল কালাম আজাদ)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ০২-৫৫০০৬৫২৫

কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা
এইচএসসি (বিএম/বিএমটি), এইচএসসি (ভোক.) ও
ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রমের কেন্দ্রসমূহ

স্মারক নং- ৫৭.১৭.০০০০.৩০২.৩১.০১৩.২৫.০৭১ (৮) তারিখ : ১৬-০৬-২০২৫খ্রি:

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১। সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
[দৃষ্টি আকর্ষণঃ অতিরিক্ত-সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা]
২। বিভাগীয় প্রধান (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩। জেলা প্রশাসক (সকল জেলা)।
৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল উপজেলা)।
৫। অধ্যক্ষ/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল কেন্দ্র)।
৬। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৭। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮। সংশ্লিষ্ট নথি।

১৬/৬/২৫

(মোঃ জাহেদুল কবির খান)
উপ পরীক্ষা নিয়ন্ত্রক (বিএমটি)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ০২-৫৫০০৬৫২৯